

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১১, ২০২৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/০৯ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৮৯-আইন/২০২৪।—বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৯ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্মচারী (অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই, ২০২২ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই প্রবিধানমালা নিম্নবর্ণিত কর্মচারী ব্যতীত, কাউন্সিলের সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:—

(ক) প্রেষণে নিয়োজিত কর্মচারী;

(খ) সম্পূর্ণ অস্থায়ী, খণ্ডকালীন, দৈনিক বা চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী; এবং

(গ) এই প্রবিধানমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানকারী সকল কর্মচারী, যাহারা এই প্রবিধানমালার প্রবিধান ১২ এর উপ-প্রবিধান (২) এর অধীন অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধা পাইবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট ইচ্ছা প্রকাশ করেন নাই।

(২১৫৬৯)

মূল্য : টাকা ৪৮.০০

২। সংজ্ঞা।—বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (১) “আইন” অর্থ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৯ নং আইন);
- (২) “ই-চাকরি বৃত্তান্ত” অর্থ ইলেকট্রনিক চাকরি বৃত্তান্ত;
- (৩) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য কাউন্সিল কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;
- (৪) “কর্মচারী” অর্থ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর কোনো কর্মচারী;
- (৫) “কল্যাণ কর্মকর্তা” অর্থ প্রবিধান ১১ তে উল্লিখিত কোনো কর্মচারী;
- (৬) “কাউন্সিল” অর্থ আইনের ধারা ৩ এর অধীন স্থাপিত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল;
- (৭) “গণনাযোগ্য চাকরি” অর্থ প্রবিধান ১৪ এ উল্লিখিত গণনাযোগ্য চাকরি;
- (৮) “ট্রাস্টি বোর্ড” অর্থ প্রবিধান ৪ এ উল্লিখিত ট্রাস্টি বোর্ড;
- (৯) “তফসিল” অর্থ এই প্রবিধানমালার কোনো তফসিল;
- (১০) “তহবিল” অর্থ প্রবিধান ৩ এর অধীন গঠিত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর কর্মচারী পেনশন (অবসরভাতা ও অবসরজনিত সুবিধা) তহবিল;
- (১১) “পরিবার” অর্থ—

(ক) কর্মচারী পুরুষ হইলে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ, তাহার সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ, অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ:

তবে শর্ত থাকে যে, যদি কোনো কর্মচারী প্রমাণ করেন যে, আদালতের আদেশ অনুসারে তিনি ও তাহার স্ত্রী আলাদাভাবে বসবাস করেন অথবা তাহার স্ত্রী প্রচলিত আইন অনুসারে খোরপোশ লাভের অধিকারী নহেন, তাহা হইলে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য উক্ত কর্মচারী কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্ত্রী এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না; এবং

(খ) কর্মচারী মহিলা হইলে, তাহার স্বামী ও সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ:

তবে শর্ত থাকে যে, কোনো মহিলা কর্মচারী তাহার স্বামীকে এই প্রবিধানমালার কোনো সুবিধা পাইবার ক্ষেত্রে তাহার পরিবারভুক্ত না করিবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে, উহার বিপরীতে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্বামী উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না।

- (১২) “ফরম” অর্থ তফসিল ১ এবং তফসিল ২ এ বর্ণিত আবেদন ফরম;
- (১৩) “যথাযথ কর্তৃপক্ষ” অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য কাউন্সিল বা, ক্ষেত্রমত, ট্রাস্টি বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;
- (১৪) “সদস্য” অর্থ ট্রাস্টি বোর্ডের কোনো সদস্য;
- (১৫) “সভাপতি” অর্থ ট্রাস্টি বোর্ডের সভাপতি; এবং
- (১৬) “সাধারণ ভবিষ্য তহবিল” অর্থ প্রবিধান ৩২ এর অধীন গঠিত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল।

৩। তহবিল।—এই প্রবিধানমালা কার্যকর হইবার পর, নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ সমন্বয়ে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর কর্মচারী পেনশন (অবসরভাতা ও অবসরজনিত সুবিধা) তহবিল নামে একটি তহবিল গঠিত হইবে, যথা:—

- (ক) অংশপ্রদায়ক ভবিষ্য তহবিলে কর্মচারীর হিসাবে কাউন্সিল কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত মুনাফা এবং কর্মচারীর আনুতোষিক তহবিলে সঞ্চিত অর্থ ও অর্জিত মুনাফা;
- (খ) কাউন্সিল কর্তৃক, সময় সময়, সাধারণ ভবিষ্য তহবিল এবং পেনশন ব্যয় সংক্রান্ত ভর্তুকি তহবিল হইতে প্রদেয় এককালীন মঞ্জুরি বা অনুদান;
- (গ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয়; এবং
- (ঘ) অন্য কোনো বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

৪। **ট্রাস্টি বোর্ড।**—(১) তহবিলের ব্যবস্থাপনা, সংরক্ষণ, নিয়ন্ত্রণ ও বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর অবসরভাতা ও অবসরজনিত সুবিধা তহবিল ব্যবস্থাপনা ট্রাস্টি বোর্ড নামে একটি বোর্ড থাকিবে, যথা:—

- (ক) কাউন্সিলের কার্যনির্বাহী পরিচালক, পদাধিকারবলে, যিনি ইহার সভাপতিও হইবেন;
- (খ) কাউন্সিলের কার্যনির্বাহী পরিচালক কর্তৃক মনোনীত ২ (দুই) জন পরিচালক;
- (গ) কাউন্সিলের সচিব;
- (ঘ) কাউন্সিলের কার্যনির্বাহী পরিচালক কর্তৃক মনোনীত ১ (এক) জন কর্মচারী;
- (ঙ) কাউন্সিলের হিসাবরক্ষণ কর্মকর্তা; এবং
- (চ) কাউন্সিলের সহকারী পরিচালক (হিসাব ও বাজেট), যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) ট্রাস্টি বোর্ডের দায়িত্ব পালনের জন্য উহার কোনো সদস্য কোনো বেতন, ভাতা বা পারিতোষিক প্রাপ্য হইবেন না।

৫। **ট্রাস্টি বোর্ডের ক্ষমতা ও কার্যাবলি।**— ট্রাস্টি বোর্ডের ক্ষমতা ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) এই প্রবিধানমালার বিধান অনুসারে তহবিলের অর্থের যথাযথ ব্যবহার ও উহার রক্ষণাবেক্ষণ;
- (খ) প্রবিধান ৬ এর অধীন তহবিলের অর্থ বিনিয়োগ এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (গ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ;
- (ঘ) প্রতি আর্থিক বৎসর সমাপ্তির পরবর্তী মাসে তহবিলের আয়, ব্যয়, বিনিয়োগ ও অন্যান্য বিষয় সম্পর্কে কাউন্সিলের নিকট প্রতিবেদন উপস্থাপন; এবং
- (ঙ) উপরি-উক্ত কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে সকল আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ।

৬। **তহবিলের অর্থ জমা, বিনিয়োগ ইত্যাদি।**—প্রবিধান ৪ এ বর্ণিত ট্রাস্টি বোর্ড, কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে, তহবিলের অর্থ—

- (ক) এইরূপে বিনিয়োগ করিবে যাহাতে উক্ত বিনিয়োগ হইতে সম্ভাব্য সর্বাপেক্ষা অধিক আয় বা মুনাফা প্রাপ্তির সম্ভাবনা রহিয়াছে, এবং এতদুদ্দেশ্যে ট্রাস্টি বোর্ড তহবিলের সম্পূর্ণ বা আংশিক অর্থ কোনো তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত বা সঞ্চয়ী হিসাবে রাখিতে বা কোনো লাভজনক সরকারি সিকিউরিটিতে বা বন্ডে বিনিয়োগ করিতে পারিবে;
- (খ) এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পরিশোধের উদ্দেশ্যে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থ কোনো রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের চলতি বা সঞ্চয়ী হিসাবে জমা রাখিতে পারিবে।

৭। তহবিলের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব।—(১) সভাপতি এবং সদস্য-সচিব ট্রাস্টি বোর্ডের তহবিলের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) তহবিলের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ;
- (খ) এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অবসরজনিত সুবিধা এবং সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ অনুসারে যথাশীঘ্র পরিশোধ; এবং
- (গ) ট্রাস্টি বোর্ডের নির্দেশ, যদি থাকে, অনুযায়ী তহবিল, ব্যাংক হিসাব ও বিনিয়োগ পরিচালনা।
- (৩) আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণের যৌথ স্বাক্ষরে তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

৮। ট্রাস্টি বোর্ডের সভা।—(১) এই প্রবিধানমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, ট্রাস্টি বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

(২) সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে ট্রাস্টি বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি ৩ (তিন) মাসে ট্রাস্টি বোর্ডের অন্তত একটি সভা অনুষ্ঠিত হবে।

(৩) সভাপতি ট্রাস্টি বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত কোনো সদস্য ট্রাস্টি বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অনূন্য দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৫) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে এবং উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভাপতি বা সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৯। কমিটি গঠন।—ট্রাস্টি বোর্ড উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উহার এক বা একাধিক সদস্য সমন্বয়ে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

১০। তহবিলের অর্থ ব্যয় ও নিরীক্ষা।—(১) এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রদানের উদ্দেশ্যে তহবিলের অর্থ ব্যয় করা হইবে।

(২) ট্রাস্টি বোর্ড তহবিলের আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(৩) তহবিলের আয় ও ব্যয়ের বিবরণ কাউন্সিলের অভ্যন্তরীণ অডিট সেল এবং বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ের অধীন সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হইবে।

(৪) উপ-প্রবিধান (৩)-এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি তহবিল সংক্রান্ত সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং ট্রাস্টি বোর্ডের সকল সদস্য এবং কাউন্সিলের অন্যান্য কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৫) উপ-প্রবিধান (৩)-এর অধীন হিসাব-নিরীক্ষা ছাড়াও, Bangladesh Chartered Accountants Order, 1973 (P.O. No. 2 of 1973) এর Article 2(1)(b) তে সংজ্ঞায়িত চার্টার্ড একাউন্টেন্ট দ্বারা তহবিলের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে কাউন্সিল এক বা একাধিক চার্টার্ড একাউন্টেন্ট নিয়োগ করিতে পারিবে।

১১। কল্যাণ কর্মকর্তা ও তাহার দায়িত্ব।—(১) ট্রাস্টি বোর্ডের সদস্য-সচিব কাউন্সিলের কল্যাণ কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) কল্যাণ কর্মকর্তা অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল সংক্রান্ত বিষয়াদি নিষ্পত্তিতে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরকারী কর্তৃপক্ষের সহিত সমন্বয়ক হিসাবে কাজ করিবেন এবং অর্থ বিভাগের ২০ ডিসেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৩.১৬.১৪১ নং স্মারকে উল্লিখিত কল্যাণ কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য এবং উহাতে প্রদত্ত নির্দেশনা কল্যাণ কর্মকর্তার জন্য প্রযোজ্য হইবে।

১২। কতিপয় কর্মচারীর ক্ষেত্রে অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল সুবিধা প্রাপ্তির ইচ্ছা প্রকাশ।—(১) এই প্রবিধানমালার অধীন কোনো কর্মচারী অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল এবং আনুতোষিকের সুবিধা পাইবার ইচ্ছা প্রকাশ করিবেন কিনা, সেই বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষ অফিস আদেশের মাধ্যমে কর্মচারীগণকে অবহিত করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অফিস আদেশ জারির ৩ (তিন) মাসের মধ্যে কোনো কর্মচারী এই বিধানের অধীন প্রদেয় অবসরভাতা, অবসরজনিত সুবিধা, সাধারণ ভবিষ্য তহবিল ও আনুতোষিকের সুবিধা পাইবার ইচ্ছা প্রকাশ করিয়া লিখিতভাবে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

(৩) এই প্রবিধানমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে চাকরিরত কোনো কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিতে থাকিলে, তিনি উক্তরূপ কার্যকর হইবার পরও উক্ত তহবিলে চাঁদা প্রদান অব্যাহত রাখিতে পরিবেন:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ কার্যকর হইবার তারিখে বা ইহার পূর্বে কোনো অবসরপ্রাপ্ত কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল এবং আনুতোষিক গ্রহণ করিয়া থাকিলে তিনি উপ-প্রবিধান (২) এর অধীন ইচ্ছা প্রকাশ করিবার অধিকারী হইবেন না।

(৪) উপ-প্রবিধান (২) এর অধীন কোনো কর্মচারী অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধা পাইবার ইচ্ছা প্রকাশ না করিলে, তিনি অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান অব্যাহত রাখিবেন বলিয়া গণ্য হইবে এবং উক্ত ক্ষেত্রে তিনি এই প্রবিধানমালার অধীন অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধা পাইবার অধিকারী হইবেন না।

(৫) কোনো কর্মচারী উপ-প্রবিধান (২) এর অধীন অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্য হইবার ইচ্ছা প্রকাশ করিলে,—

- (ক) উক্ত কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান বন্ধ করিয়া সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিবেন;
- (খ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারীর হিসাবে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত লাভ এবং উক্ত কর্মচারীর আনুতোষিক তহবিলে সঞ্চিত অর্থ ও অর্জিত লাভ তহবিলে জমা হইবে;
- (গ) উক্ত কর্মচারীর চাকরিকালকে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রাপ্তির উদ্দেশ্যে সংশ্লিষ্ট বিধানাবলি সাপেক্ষে, পেনশনের জন্য গণনাযোগ্য চাকরিকাল হিসাবে গণনা করা হইবে; এবং
- (ঘ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত মুনাফা সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত হইবে।

(৬) কোনো কর্মচারী অন্যান্য ৫ (পাঁচ) বৎসর গণনাযোগ্য চাকরি না করিয়া থাকিলে, তিনি অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার অধিকারী হইবেন না।

ব্যাখ্যা: এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে “অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল (Contributory Provident Fund)” অর্থে কর্মচারীগণের মাসিক বেতন হইতে প্রদত্ত নিয়মিত মাসিক চাঁদা, তদনুকূলে কাউন্সিল কর্তৃক প্রদত্ত নির্ধারিত চাঁদা এবং উভয় প্রকার চাঁদার অর্থের মুনাফা সমন্বয়ে গঠিত অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলকে বুঝাইবে।

১৩। অবসর-উত্তর ছুটি।—(১) কোনো কর্মচারী, ছুটি পাওনা সাপেক্ষে, অবসর গ্রহণের তারিখ হইতে সর্বোচ্চ ১ (এক) বৎসর পর্যন্ত অবসর-উত্তর ছুটি প্রাপ্য হইবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য ছুটি শেষ হইবার তারিখ হইতে কর্মচারীগণের চূড়ান্ত অবসর গ্রহণ কার্যকর হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো কর্মচারী ইচ্ছা করিলে, অবসর-উত্তর ছুটি ভোগ ব্যতিরেকেও অবসর গ্রহণ করিতে পারিবেন।

১৪। গণনাযোগ্য চাকরিকাল।—(১) এই প্রবিধানমালার বিধানাবলী সাপেক্ষে, কোনো কর্মচারীর গণনাযোগ্য চাকরিকাল বলিতে কাউন্সিলের কোনো পূর্ণকালীন ও স্থায়ী পদের বিপরীতে স্থায়ী ভিত্তিতে নিয়োজিত হইয়া চাকরিতে যোগদানের তারিখ হইতে অবসর গ্রহণ বা তাহাকে কাউন্সিল কর্তৃক অবসর প্রদান বা চাকরি হইতে বরখাস্ত বা অপসারণ বা পদ বিলুপ্তি বা মৃত্যুর কারণে চাকরির অবসান হইবার তারিখ পর্যন্ত সময়কে বুঝাইবে।

(২) গণনাযোগ্য চাকরি হিসাবের ক্ষেত্রে কেবল সমাপ্ত পূর্ণ বৎসরকে গণনা করা হইবে এবং বৎসরের ভগ্নাংশকে বর্জন করা হইবে।

(৩) কোনো কর্মচারীর বিনা বেতনে ছুটিকাল গণনাযোগ্য চাকরিকাল হিসাবে গণ্য করা হইবে না।

(৪) অর্থ বিভাগের ২ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৩-২২ অনুযায়ী অবসর-উত্তর ছুটিকালকে পেনশনযোগ্য চাকরিকাল হিসাবে গণ্য করা যাইবে না।

(৫) কাউন্সিলের চাকরিতে যোগদানের পূর্বে কোনো কর্মচারী কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানে অব্যাহতভাবে চাকরি (continuous service) করিয়া থাকিলে, কাউন্সিলের অনুমোদনক্রমে, উক্ত চাকরিকালকে কাউন্সিলের চাকরিকালীন সময়ের সহিত যুক্ত করিয়া গণনাযোগ্য চাকরিকাল গণনা করা যাইবে।

(৬) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, কোনো কর্মচারী দেশে বা বিদেশে কোনো সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত্ব বা বেসরকারি প্রতিষ্ঠানে প্রেষণে, লিয়েনে বা অন্য কোনোভাবে কর্মরত থাকিলে এবং উক্তরূপ প্রতিষ্ঠান হইতে অবসরভাতা বা অবসরজনিত সুবিধার অর্থ আদায় করিয়া কেন্দ্রের নিকট সমর্পণ না করিলে উক্তরূপ প্রতিষ্ঠানের চাকরিকালীন সময়কে গণনাযোগ্য চাকরিকাল হিসাবে গণ্য করা হইবে না।

১৫। গণনাযোগ্য চাকরিতে ঘাটতি প্রমার্জন।—(১) অবসরভাতা বা অবসরজনিত সুবিধা মঞ্জুরীর ক্ষেত্রে, কোনো কর্মচারীর প্রয়োজনীয় গণনাযোগ্য চাকরিতে ঘাটতি থাকিলে—

- (ক) ৬ (ছয়) মাস বা তদপেক্ষা কম সময়ের ঘাটতি মওকুফ করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে;
- (খ) ৬ (ছয়) মাসের বেশি কিন্তু ১ (এক) বৎসরের বেশি নহে, এইরূপ সময়ের ঘাটতি, সরকারের পূর্বানুমোদনক্রমে, কাউন্সিল কর্তৃক প্রমার্জন করা যাইবে, যদি—
 - (অ) তিনি চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করিয়া থাকেন; অথবা
 - (আ) তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো কারণে (যেমন, পঞ্জুত্ব বা পদ বিলুপ্তি, ইত্যাদি) অবসর গ্রহণ করিয়া থাকেন, কিন্তু উক্ত নিয়ন্ত্রণ বহির্ভূত ঘটনা না ঘটিলে তিনি কমপক্ষে আরো ১ (এক) বৎসর গণনাযোগ্য চাকরি করিতে পারিতেন; অথবা
 - (ই) তিনি সন্তোষজনকভাবে চাকরি করিয়া থাকেন।

(২) গণনাযোগ্য চাকরিতে ১ (এক) বৎসরের বেশী সময়ের ঘাটতি কোনো অবস্থাতেই প্রমার্জন করা যাইবে না।

(৩) কোনো কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণ করিলে তিনি এই প্রবিধানের অধীন কোনো প্রমার্জনের সুবিধা পাইবেন না।

১৬। অবসরভাতা, অবসরজনিত সুবিধা, ইত্যাদি।—(১) অবসরভাতা, অবসরজনিত অন্যান্য সুবিধার ক্ষেত্রে সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এবং অর্থ বিভাগের ১৪ অক্টোবর ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ নং স্মারকে বর্ণিত বিধি-বিধান প্রযোজ্য হইবে।

(২) কোনো কর্মচারী একই সময়ে ২ (দুই) টি অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগ করিতে পারিবেন না।

(৩) কোনো কর্মচারীকে আনুতোষিক প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগের ১৭/০৯/২০১২ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০১.১২-১১২ নং অফিস স্মারক এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৭। পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা।—পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধার ক্ষেত্রে সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এবং অর্থ ও রাজস্ব বিভাগের ১৬ এপ্রিল ১৯৫৯ খ্রিষ্টাব্দ তারিখের ২৫৬৬(৪০)-এফ নং স্মারক ও অর্থ বিভাগের ২৮ মে ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০.১৭১.১৩.০০২.১২ (অংশ-১)-৫৭ স্মারকে বর্ণিত বিধি-বিধান প্রযোজ্য হইবে।

১৮। প্রতিবন্ধী সন্তান।—(১) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তান যদি দৈহিক বা মানসিক অসামর্থ্যের কারণে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমহীন হইয়া উপার্জনে অক্ষম হন, তাহা হইলে তিনি নিম্নবর্ণিত শর্তে আজীবন পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রাপ্য হইবেন, যথা:—

- (ক) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তানের প্রতিবন্ধী হিসাবে সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধন থাকিতে হইবে;
- (খ) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তান থাকিলে তিনি চাকরিরত অবস্থায় কিংবা অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত অবস্থায় উক্ত প্রতিবন্ধী সন্তানের বিষয়ে উপযুক্ত দলিল-দস্তাবেজসহ উপযুক্ত কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহতি করিবেন;
- (গ) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তান দৈহিক বা মানসিক অসামর্থ্যের কারণে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতাহীন ও উপার্জনে অক্ষম মর্মে উপ-প্রবিধান (২)-এ উল্লিখিত কাউন্সিল কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে;
- (ঘ) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তান বা সন্তানগণ প্রতিবন্ধী কোটায় সরকারি, সেক্টর কর্পোরেশন, আধা সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরি করিলে পিতা বা মাতার উত্তরাধিকারী হিসাবে তিনি আজীবন পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রাপ্য হইবেন না;
- (ঙ) কোনো কর্মচারীর মৃত্যুর পর তাহার প্রতিবন্ধী সন্তান আজীবন পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগের অধিকারী হইলে উক্ত সন্তান নিজে বা তাহার পক্ষে তাহার পরিবারের কোনো সদস্য বা আত্মীয়কে কাউন্সিল বরাবর প্রতিবন্ধীতার নিবন্ধন ও পরিচয়পত্র, উত্তরাধিকার সনদপত্র, তাহার পিতা বা মাতার অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির আদেশ এবং পিপিও (Pension Payment Order) সহ আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো কর্মচারীর পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগের যোগ্য সদস্যের মৃত্যুর পর একবার পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা বন্ধ হইলে পরবর্তীতে কেবল প্রতিবন্ধীতার দাবিতে উক্ত পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পুনরায় চালু করা যাইবে না; এবং

- (চ) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তানের অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রাপ্যতার বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(২) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তানের দৈহিক বা মানসিক অসামর্থ্যের কারণে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমহীনতা ও উপার্জনে অক্ষমতা নির্ণয়ে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি মেডিকেল বোর্ড গঠিত হইবে, যথা:—

- (ক) কাউন্সিলের সচিব, পদাধিকারবলে, যিনি ইহার সভাপতিও হইবেন;
- (খ) সরকারি কর্মচারী হাসপাতাল কর্তৃক মনোনীত একজন চিকিৎসক; এবং
- (গ) কল্যাণ কর্মকর্তা, যিনি ইহার সচিবও হইবেন।

(৩) উপ-প্রবিধান (২)-এর অধীন গঠিত মেডিকেল বোর্ডের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) প্রাপ্ত আবেদনপত্রের ভিত্তিতে কাউন্সিলের কর্মচারীর প্রতিবন্ধী সন্তানের স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতা হীনতা ও উপার্জনে অক্ষমতার বিষয়টি পরীক্ষাপূর্বক প্রত্যয়নপত্র প্রদান;
- (খ) আবেদনপত্রসহ আনুষঙ্গিক কাগজপত্র ট্রাস্টি বোর্ডের সচিব কর্তৃক মেডিকেল বোর্ডে উপস্থাপন এবং উক্ত কাগজপত্র তাহার দপ্তরে সংরক্ষণ; এবং
- (গ) মেডিকেল বোর্ডের সভাপতির সহিত পরামর্শক্রমে, ট্রাস্টি বোর্ডের সচিব কর্তৃক মেডিকেল পরীক্ষার সময়সূচি নির্ধারণ এবং সংশ্লিষ্ট কর্মচারীর প্রতিবন্ধী সন্তানকে বোর্ডে উপস্থিত হইবার জন্য অবহিত করা।

১৯। অবসরভাতা বা পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পুনঃমঞ্জুরি।—অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত কোনো কর্মচারীর মৃত্যুর পর তাহার বিধবা স্ত্রী বা বিপন্ন স্বামীর অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে, পুনরায় অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির প্রয়োজন হইবে না, তবে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত কোনো কর্মচারীর বিধবা স্ত্রী বা বিপন্ন স্বামীর মৃত্যুর পর তাহার উত্তরাধিকারীগণের পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রদানের ক্ষেত্রে পুনরায় মঞ্জুরির প্রয়োজন হইবে।

২০। জরুরিভিত্তিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রদান।—বাধ্যতামূলক অবসর, অক্ষমতাজনিত অবসর এবং মৃত্যুজনিত কারণে অবসরভাতা ও অবসরজনিত সুবিধার ক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে কাউন্সিল সকল আনুষ্ঠানিকতা সমাপনান্তে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরি ও পিপিও (Pension Payment Order) জারি করিবেন:

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে উপরি-বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হয় নাই সেইক্ষেত্রে সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এবং অর্থ বিভাগের ১৪ অক্টোবর ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ অধীন সাময়িক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রদান করিতে হইবে।

২১। বার্ষিক গোপনীয় প্রতিবেদন।—অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির ক্ষেত্রে কোনো কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন বিবেচনার প্রয়োজন হইবে না।

২২। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত তথ্যাদি গ্রহণ।—তফসিল-৭ অনুযায়ী জন্ম তারিখ, নমিনী (মনোনীত উত্তরাধিকারী), প্রতিস্বাক্ষর, নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ, প্রভৃতি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইলে উহা কাউন্সিলের হিসাব শাখা কর্তৃক পুনরায় যাচাই ব্যতিরেকে গৃহীত হইবে, তবে এফিডেভিট দ্বারা জন্ম তারিখ পরিবর্তন করা হইলে উহা গ্রহণযোগ্য হইবে না।

২৩। বিভিন্ন প্রকার দেনা-পাওনা নিষ্পত্তি।—(১) অবসর-উত্তর ছুটির আদেশ জারির এক মাসের মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষ বা কাউন্সিলের হিসাব শাখা সকল দেনা-পাওনার হিসাব প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট কর্মচারী সর্বশেষ ৩ (তিন) বৎসর যে সকল দপ্তরে কাজ করিয়াছেন অনাপত্তির জন্য সেই সকল দপ্তরে পত্র প্রেরণ করিবে।

(২) উপ-প্রবিধান (১)-এর অধীন পত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট দপ্তর উক্ত পত্র প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে অনাপত্তিপত্র প্রদান করিবে অথবা পাওনা বা আপত্তি থাকিলে উহা বিস্তারিতভাবে অবহিত করিবে।

(৩) সংশ্লিষ্ট দপ্তর পাওনাদি থাকিলে উহা পরিশোধের ২১ (একুশ) দিনের মধ্যে অনাপত্তিপত্র প্রদান করিবে।

(৪) সংশ্লিষ্ট দপ্তর ২১ (একুশ) দিনের মধ্যে অনাপত্তিপত্র অথবা মতামত প্রদান না করিলে পাওনাদি যথাযথভাবে পরিশোধিত হইয়াছে বলিয়া গণ্য করিয়া অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুর করিতে হইবে এবং পাওনার বিষয় যথাসময়ে অবগত করা না হইলে সংশ্লিষ্ট দপ্তরের এই বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে দায়ী থাকিবেন।

(৫) সংশ্লিষ্ট দপ্তরের অনাপত্তি ২১ (একুশ) দিনের মধ্যেও পাওয়া না গেলে উহার উল্লেখসহ পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরিপত্র কাউন্সিলের হিসাব শাখায় পাঠাইতে হইবে।

(৬) চাকরি বৃত্তান্তে বা ই-চাকরি বৃত্তান্তে কর্তৃপক্ষের আদায়যোগ্য পাওনার বিষয় বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে এবং আদায়যোগ্য পাওনা আদায় নিশ্চিত করিতে হইবে।

২৪। পিপিও (Pension Payment Order) ও ডি-হাফ (Disburser's half)।—(১) কোনো কর্মচারীর পিপিও এবং প্রযোজ্য ক্ষেত্রে ডি-হাফ-এর জন্য অত্যাৱশ্যকীয় তথ্যাদি যেমন, অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগকারীর উত্তরাধিকারীর নাম, তাহার সহিত সম্পর্ক, বৈবাহিক অবস্থা, বয়স, ইত্যাদি তফসিল-৮ অনুযায়ী লিপিবদ্ধ করিতে হইবে।

(২) কোনো কর্মচারী সর্বশেষ যে দপ্তর হইতে অবসর গ্রহণ করিয়াছেন সেই দপ্তরের নাম পিপিও এবং প্রযোজ্য ক্ষেত্রে ডি-হাফ এ সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) কোনো কর্মচারী বা অবসরপ্রাপ্ত কর্মচারী জীবিত থাকা অবস্থায় তফসিল-৮ অনুযায়ী তথ্যাদি সরবরাহ না করিলে পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধার ক্ষেত্রে আবেদনকারীকে তফসিল-১০ অনুযায়ী তথ্যাদি দাখিল করিতে হইবে এবং উক্ত তফসিল অনুযায়ী তথ্যাদি পিপিও ও প্রযোজ্য ক্ষেত্রে ডি-হাফ এর সহিত সংযুক্ত করিতে হইবে।

(৪) কাউন্সিলের হিসাব শাখা পিপিও ও প্রযোজ্য ক্ষেত্রে ডি-হাফ যথাযথভাবে পূরণ করিবে এবং উন্নতমানের কাগজে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা সংক্রান্ত পিপিও ও প্রযোজ্য ক্ষেত্রে ডি-হাফ বহি আকারে বাঁধানোর ব্যবস্থা করিবে।

২৫। অবসরভাতা ও অবসরজনিত সুবিধা, ইত্যাদি পাইবার জন্য ব্যবহারযোগ্য ফরম।—(১)

এই প্রবিধানমালা কার্যকর হইবার তারিখ হইতে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা বা, ক্ষেত্রমত, পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রদানের ক্ষেত্রে তফসিল-১ ও তফসিল-২ এ বর্ণিত ফরম ব্যবহার করিতে হইবে এবং উক্ত ফরমসমূহ পৃথক পৃথক রঙের হইবে।

(২) উক্ত ফরমে উল্লিখিত তথ্য বহির্ভূত কোনো তথ্য অবসরগ্রহণকারী কর্মচারী বা তাহার উত্তরাধিকারীর নিকট চাওয়া যাইবে না।

(৩) পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধার জন্য উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণের নমুনা স্বাক্ষর ও ছবি উক্ত ফরমে সংযোজন করিতে হইবে।

২৬। অনুত্তোলিত ও বকেয়া অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রদানের পদ্ধতি।—(১)

অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত কোনো কর্মচারী কোনো কারণে এক বৎসর বা তদূর্ধ্ব সময় অবসরভাতা ও অবসরজনিত সুবিধার টাকা উত্তোলন করিতে না পারিলে এবং পরবর্তীতে উহা উত্তোলন করিতে চাহিলে অনুত্তোলিত বা বকেয়া থাকিবার কারণ সংবলিত আবেদনপত্র কাউন্সিলের হিসাব শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১)-এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর কাউন্সিলের হিসাব শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা আবেদনকারীর পিপিও এবং প্রযোজ্য ক্ষেত্রে ডি-হাফ-এর ভিত্তিতে অনুত্তোলিত বকেয়া অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পরিশোধ করিতে পারিবেন, এবং এইক্ষেত্রে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরকারী কর্তৃপক্ষের পুনঃঅনুমোদন বা মঞ্জুরি গ্রহণ করিতে হইবে না।

(৩) যে সকল অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত কর্মচারী ব্যাংক হইতে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা উত্তোলন করিবেন তাহাদের ক্ষেত্রে আয়ন-ব্যয়ন কর্মকর্তা আবেদনপত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে তাহার সিদ্ধান্ত সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করিবেন এবং উক্ত সময়ের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ না করিলে আবেদনকারীর আবেদন অনুযায়ী যুক্তিসঙ্গত দাবি পরিশোধ করিতে হইবে।

(৪) উপ-প্রবিধান (৩)-এ উল্লিখিত মেয়াদের মধ্যে সিদ্ধান্ত প্রদান না করিবার কারণে কাউন্সিলের কোনো আর্থিক ক্ষতি সাধিত হইলে সেইক্ষেত্রে কাউন্সিলের সংশ্লিষ্ট কর্মচারী দায়ী হইবেন।

(৫) অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত কর্মচারী বা পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগকারী মৃত্যুবরণ করিলে বা নিয়মিত অবসরভাতা ও অবসরজনিত সুবিধা উত্তোলন না করিলে সংশ্লিষ্ট ব্যাংক বিষয়টি আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে অবহিত করিবে এবং এতদপ্রয়োজনে কাউন্সিলের হিসাব শাখা উক্ত বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকের সহিত যোগাযোগ রক্ষা করিবে।

২৭। কর্মচারীর নিজের অবসরগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলি।—(১) আনুতোষিক এবং অবসরভাতা ও অবসরজনিত সুবিধার জন্য উপ-প্রবিধান (২)-এ বর্ণিত কাগজপত্র ও দলিলাদিসহ কাউন্সিলের কার্যনির্বাহী পরিচালক বরাবর দাখিল করিতে হইবে এবং উক্ত কাগজপত্র ও দলিলাদির ভিত্তিতে তিনি অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির আদেশ জারি করিবেন।

(২) উপ-প্রবিধান (১)-এর অধীন জারিকৃত অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির আদেশ জারি হইলে উপযুক্ত কর্মকর্তা উক্ত আদেশের কপিসহ নিম্নবর্ণিত কাগজপত্র ও দলিলাদি কাউন্সিলের হিসাব শাখায় প্রেরণ করিবেন, যথা:—

- (ক) তফসিল-১ এ উল্লিখিত অবসরভাতা ও অবসরজনিত সুবিধা সংক্রান্ত আবেদন ফরমের ১ (এক) কপি;
- (খ) ১১-২০ গ্রেডের কর্মচারীগণের ক্ষেত্রে সার্ভিস বহি বা ১-১০ গ্রেডের কর্মচারীগণের ক্ষেত্রে সর্বশেষ ৩ (তিন) বৎসরের চাকরির বিবরণী বা শেষ বেতনের প্রত্যয়নপত্র বা এলপিসি ১ (এক) কপি;
- (গ) অবসর ও অবসর-উত্তর ছুটিতে (পিআরএল) গমনের মঞ্জুরিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ১ (এক) কপি;
- (ঘ) তফসিল-৫ অনুযায়ী প্রত্যাশিত শেষ বেতনপত্র বা শেষ বেতনপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ১ (এক) কপি;
- (ঙ) সত্যায়িত ছবির ৪ (চার) কপি;
- (চ) জাতীয় পরিচয়পত্রের ১ (এক) কপি;
- (ছ) চাকুরি স্থায়ীকরণের বা নিয়মিতকরণের আদেশের (উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব খাতে স্থানান্তরিত, আত্মীকরণের মাধ্যমে যোগদানকৃত, এডহক ভিত্তিতে নিয়োগকৃতগণের ক্ষেত্রে প্রযোজ্য) ১ (এক) কপি;

- (জ) তফসিল-৮ অনুযায়ী অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগকারী কর্মচারীর বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্রের ৩ (তিন) কপি;
- (ঝ) তফসিল-৭ অনুযায়ী নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপের ৩ (তিন) কপি; এবং
- (ঞ) তফসিল-৯ অনুযায়ী নাদাবি প্রত্যয়নপত্র ১ (এক) কপি।

(৩) কাউন্সিলের হিসাব শাখা উপ-প্রবিধান (২)-এ উল্লিখিত কাগজপত্র ও দলিলাদির অতিরিক্ত কোনো ফরম, সনদ বা কাগজপত্র ও দলিলাদি চাহিতে পারিবে না।

২৮। পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধার ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলি।—(১)
অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির পূর্বেই কোনো কর্মচারীর মৃত্যু হইলে সেইক্ষেত্রে উক্ত কর্মচারীর অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার জন্য নিম্নবর্ণিত কাগজপত্র ও দলিলাদি কাউন্সিলের কার্যনির্বাহী পরিচালক বরাবর দাখিল করিতে হইবে, যথা:—

- (ক) তফসিল-২ এ উল্লিখিত পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা সংক্রান্ত ফরম ১ (এক) কপি;
- (খ) কর্মচারীগণের ক্ষেত্রে সার্ভিস বুক বা কর্মকর্তাগণের ক্ষেত্রে সর্বশেষ ৩ (তিন) বৎসরের বিবরণী বা এলপিসি ১(এক) কপি;
- (গ) অবসর ও পিআরএলে গমনের মঞ্জুরিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ১ (এক) কপি;
- (ঘ) তফসিল-৫ অনুযায়ী প্রত্যাশিত শেষ বেতনপত্র বা শেষ বেতনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ১ (এক) কপি;
- (ঙ) সত্যায়িত ছবি (স্বামী/স্ত্রী/উত্তরাধিকারীগণের) ৪ (চার) কপি;
- (চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন (উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণের বয়স ১৮ বৎসরের নিচে হইলে জন্ম সনদ এবং ১৮ বৎসরের উপরে হইলে জাতীয় পরিচয়পত্র) ১ (এক) কপি;
- (ছ) তফসিল-৬ অনুযায়ী উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারেজ সার্টিফিকেট ১ (এক) কপি;
- (জ) তফসিল-৭ অনুযায়ী নমুনা স্বাক্ষর ও হাতের ৫ (পাঁচ) আঙ্গুলের ছাপ ৩ (তিন) কপি;
- (ঝ) তফসিল-১০ অনুযায়ী আনুতোষিক এবং অবসরভাতা ও অবসরজনিত সুবিধা উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনয়নের প্রত্যয়নপত্র সনদ ৩ (তিন) কপি;

- (ঞ) চিকিৎসক, সিটি কর্পোরেশনের কাউন্সিলর, পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যু-সনদপত্র ১ (এক) কপি;
- (ট) তফসিল-৯ অনুযায়ী নাদাবি প্রত্যয়নপত্র ১ (এক) কপি;
- (ঠ) চাকরি স্থায়ীকরণের বা নিয়মিতকরণের আদেশ (উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব খাতে স্থানান্তরিত, আত্মীকরণের মাধ্যমে যোগদানকৃত বা এডহক ভিত্তিতে নিয়োগকৃতগণের ক্ষেত্রে প্রযোজ্য) ১ (এক) কপি; এবং
- (ড) প্রতিবন্ধী সন্তানের (যদি থাকে) নিবন্ধন, পরিচয়পত্র ও প্রবিধান ১৮(২) অনুযায়ী গঠিত মেডিকেল বোর্ড এর সনদপত্র ৩ (তিন) কপি।
- (২) অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত অবস্থায় কোনো কর্মচারীর মৃত্যু হইলে সেইক্ষেত্রে উক্ত কর্মচারীর অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার জন্য নিম্নবর্ণিত কাগজপত্র ও দলিলাদি কাউন্সিলের কার্যনির্বাহী পরিচালক বরাবর দাখিল করিতে হইবে, যথা:—
- (ক) তফসিল-২ অনুযায়ী পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা সংক্রান্ত আবেদন ফরম ১ (এক) কপি;
- (খ) সত্যায়িত ছবি (স্বামী/স্ত্রী/উত্তরাধিকারীগণের) ৪ (চার) কপি;
- (গ) তফসিল-৬ অনুযায়ী উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারেজ সার্টিফিকেট ১ (এক) কপি;
- (ঘ) তফসিল-৭ অনুযায়ী নমুনা স্বাক্ষর ও হাতের ৫ (পাঁচ) আঙ্গুলের ছাপ ৩ (তিন) কপি;
- (ঙ) তফসিল-১০ অনুযায়ী অভিভাবক মনোনয়ন, অবসরভাতা ও অবসরজনিত সুবিধা এবং আনুতোষিক উত্তোলন করিবার ক্ষমতা অর্পণ সনদ ৩ (তিন) কপি;
- (চ) চিকিৎসক, সিটি কর্পোরেশনের কাউন্সিলর, পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যু-সনদপত্র ১ (এক) কপি;
- (ছ) অবসর ও অবসর-উত্তর ছুটিতে (পিআরএল) গমনের মঞ্জুরিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ১ (এক) কপি;
- (জ) পিপিও এবং প্রযোজ্য ক্ষেত্রে ডি-হাফ ১ (এক) কপি; এবং
- (ঝ) প্রতিবন্ধী সন্তানের (যদি থাকে) নিবন্ধন, পরিচয়পত্র ও প্রবিধান ১৮(২)-এর অধীন গঠিত মেডিকেল বোর্ড-এর সনদপত্র ৩ (তিন) কপি।
- (৩) কাউন্সিলের হিসাব শাখা উপ-প্রবিধান (২) এ উল্লিখিত কাগজপত্র ও দলিলাদির অতিরিক্ত কোনো ফরম, সনদ বা অন্য কোনো কাগজপত্র ও দলিলাদি চাহিতে পারিবে না।

(৪) প্রতিবন্ধী সন্তানের অনুকূলে আজীবন পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির ক্ষেত্রে প্রবিধান ১৮ এর অধীন ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৫) উপ-প্রবিধান (১) ও (২) এ বর্ণিত কাগজপত্র ও দলিলাদি কাউন্সিলের কার্যালয়ে সংরক্ষিত থাকিলে উহা দ্বিতীয়বার অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত কোনো কর্মচারী বা তাহার উত্তরাধিকারীগণের নিকট চাওয়া যাইবে না।

২৯। অডিট আপত্তি।—(১) উপযুক্ত কর্তৃপক্ষ অবসরগামী কর্মচারীগণের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ যদি থাকে, পর্যালোচনা করিয়া নির্দিষ্ট সময়সীমার মধ্যে অডিট অধিদপ্তরে, প্রযোজ্য ক্ষেত্রে, জবাব প্রেরণ করিবে।

(২) সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সহিত প্রয়োজনে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৩) অবসরগমনকারী কর্মচারীর বিরুদ্ধে উত্থাপিত অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে অডিট অধিদপ্তর সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করিবে এবং উক্ত বিষয়ে কল্যাণ কর্মকর্তা ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(৪) অবসরগমনকারী কর্মচারীর বিরুদ্ধে অডিট আপত্তি থাকিলে উপযুক্ত কর্তৃপক্ষ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বার্ষিক অডিট রিপোর্টভুক্ত অডিট আপত্তি ব্যতীত অন্যান্য অডিট আপত্তিতে তাহার ব্যক্তিগত দায় আছে কিনা উহা অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নির্ধারণ করিবেন।

(৫) অবসরগমনকারী কর্মচারীর অডিট আপত্তিতে ব্যক্তিগত দায় না থাকিলে নিয়ম অনুযায়ী অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুর করিতে হইবে এবং ব্যক্তিগত দায় থাকিলে উহা অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত কর্মচারীর নিকট হইতে আদায়পূর্বক অথবা তাহার প্রাপ্য আনুতোষিক হইতে পরবর্তীতে সমন্বয় সাপেক্ষে, কর্তনপূর্বক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা সংক্রান্ত কেইস নিষ্পত্তি করিতে হইবে।

(৬) যেক্ষেত্রে অডিট আপত্তিতে সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কোনো ব্যক্তিকে দায়ী করা হয় অথবা উক্ত ব্যক্তির আর্থিক সংশ্লেষ নাই সেইক্ষেত্রে উক্ত অডিট আপত্তির জন্য কোনো কর্মচারীর অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরিতে বিলম্ব করা যাইবে না।

(৭) অবসরগ্রহণকারী কর্মচারীর এক বা একাধিক কর্মস্থলের কোনো সময়ের অডিট অসম্পন্ন থাকিবার কারণে তাহার অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরিতে বিলম্ব করা যাইবে না এবং উক্ত বিষয়ে অর্থ বিভাগের ৬ জানুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৪-০১ নং পরিপত্র অনুসরণীয় হইবে।

(৮) কোনো কর্মচারীর অবসরগ্রহণের পর যদি উক্ত কর্মচারীর বিরুদ্ধে অডিট আপত্তি উত্থাপিত হয় এবং অডিট আপত্তিতে উক্ত কর্মচারীর ব্যক্তিগত আর্থিক সংশ্লেষ প্রমাণিত হয়, তাহা হইলে উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগরত কর্মচারী বা তাহার পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা ভোগকারীর নিকট হইতে অডিট আপত্তিতে উল্লিখিত অর্থ আদায় করা যাইবে।

৩০। অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির ক্ষমতা।—কাউন্সিলের কার্যনির্বাহী পরিচালক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রস্তাবে মঞ্জুরি প্রদান করিবেন।

৩১। বিভাগীয় বিচারিক কার্যক্রম চালু থাকিলে অবসরকালীন সুবিধা।—(১) অবসরে গমনকারী কর্মচারী তাহার বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা থাকিলে উহা কল্যাণ কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত যোগাযোগক্রমে অবসর গমনের ১ (এক) বৎসরের মধ্যে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করিবেন এবং কল্যাণ কর্মকর্তা বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তির বিষয়টি নিয়মিত তত্ত্বাবধান করিবেন।

(২) বিভাগীয় মামলা যখনই দায়ের হউক না কেন, উহা সংশ্লিষ্ট কর্মচারীর চূড়ান্ত অবসর গ্রহণের ১ (এক) বৎসরের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

(৩) কোনো কর্মচারী চাকরি হইতে অপসারণ বা বরখাস্ত হইলে তিনি কোনো অবসর সুবিধা প্রাপ্য হইবেন না:

তবে শর্ত থাকে যে, কাউন্সিল বিশেষ বিবেচনায় তাকে অবসর সুবিধা প্রদান করিতে পারিবে।

(৪) কোনো কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা বিচারাধীন থাকা সত্ত্বেও, উক্ত মামলায় সরকারের বা কাউন্সিলের কোনো আর্থিক সংশ্লেষ না থাকিলে সেইক্ষেত্রে তিনি অবসর সুবিধা প্রাপ্ত হইবেন।

(৫) উপরি-উক্ত বিধানাবলি ব্যতীত অন্যান্য বিষয়ে পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ প্রযোজ্য হইবে।

৩২। সাধারণ ভবিষ্য তহবিল।—(১) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল নামে একটি তহবিল থাকিবে।

(২) উপ-প্রবিধান (৩) এ উল্লিখিত চাঁদা এবং প্রবিধান ১২ এর উপ-প্রবিধান (৫) এর দফা (ঘ) এর অধীন জমাকৃত অর্থ এবং এই সকল অর্থের উপর প্রাপ্ত মুনাফার সমন্বয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল গঠিত হইবে।

(৩) এই প্রবিধানমালা কার্যকর হইবার পর কাউন্সিলের চাকরিতে যোগদানকারী কর্মচারীগণ অবসরভাতা ও অবসরজনিত সুবিধা এবং সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্তির ইচ্ছা প্রকাশকারী কর্মচারীগণ বাধ্যতামূলকভাবে সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রাপ্তির জন্য গণনাযোগ্য চাকরি ২ (দুই) বৎসর পূর্ণ না হইলে সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান বাধ্যতামূলক হইবে না:

আরও শর্ত থাকে যে, উক্ত ২ (দুই) বৎসর পূর্তির পূর্বে কোনো কর্মচারী, ইচ্ছা করিলে, সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিতে পারিবেন।

(৪) কাউন্সিল কর্মচারীগণকে সরকার কর্তৃক নির্ধারিত হারে সাধারণ ভবিষ্য তহবিলে মুনাফা প্রদান করিবে।

(৫) সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদার হার, চাঁদা আদায়, মনোনয়ন, প্রদত্ত চাঁদা হইতে অগ্রিম গ্রহণ, বিমার প্রিমিয়াম পরিশোধসহ সাধারণ ভবিষ্য তহবিল সংক্রান্ত আনুসঙ্গিক সকল বিষয়ে সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য General Provident Fund Rules, 1979 সহ এতদসংক্রান্ত সকল বিধি-বিধান এবং নিয়মাবলি প্রযোজ্য হইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর বিধান সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ সাধারণ ভবিষ্য তহবিল সংক্রান্ত প্রয়োজনীয় ফরম প্রস্তুত করিতে পারিবে।

৩৩। কর্তব্যে অবহেলার কারণে বিভাগীয় ব্যবস্থা।—অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরির সহিত জড়িত কোনো কর্মচারী যদি যুক্তিসঙ্গত কারণ ব্যতীত নির্ধারিত সময়সীমা অনুযায়ী অবসরভাতা ও অবসরজনিত সুবিধার কেইস নিষ্পত্তিতে ব্যর্থ হন বা এই প্রবিধানের বিধান প্রতিপালনে অবহেলা করেন, তাহা হইলে সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে কর্তব্যে অবহেলার দায়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯ এর অধীন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৩৪। কর্মচারীগণের চাকরি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ।—(১) কাউন্সিল কর্মচারীগণের চাকরির সকল তথ্যাদি ই-চাকরি বৃত্তান্ত আকারে তফসিল-৩ অনুযায়ী সংরক্ষণ করিবে।

(২) কল্যাণ কর্মকর্তা কর্মচারীগণের মধ্যে যাহারা পরবর্তী পঞ্জিকাবর্ষে অবসর-উত্তর ছুটিতে যাইবেন, উক্ত কর্মচারীগণের চাকরি বিবরণী, অডিট আপত্তি, বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্যাদি তফসিল-৪ অনুযায়ী সংরক্ষণ করিবেন।

৩৫। প্রবিধানমালায় অন্তর্ভুক্ত নহে এইরূপ বিষয়।—অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল বা এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসর সুবিধা সংক্রান্ত কোনো বিষয়ে এই প্রবিধানমালায় পর্যাপ্ত বিধান না থাকিলে বা সময় সময়, সরকার কর্তৃক অবসর ভাতা, অবসরজনিত সুবিধা এবং সাধারণ ভবিষ্য তহবিল বিষয়ে কোনো সিদ্ধান্ত পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সরলীকরণ করা হইলে উক্ত বিষয়ে সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রবিধানমালা, আদেশ, নির্দেশ বা নিয়মাবলি প্রযোজ্য হইবে এবং এইরূপ ক্ষেত্রে কোনো অসুবিধা সৃষ্টি হইলে এতদ্বিষয়ে সরকারের অনুমোদনক্রমে কাউন্সিলের ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

৩৬। অবসর গ্রহণ, ইত্যাদি বিষয়ে সরকারি চাকরি আইন, ২০১৮ এর প্রয়োগ।—এই প্রবিধানমালার বিধানাবলি, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর বিধানাবলি সাপেক্ষে প্রযোজ্য হইবে এবং উভয়ের মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে উক্ত আইনের বিধান প্রাধান্য পাইবে।

তফসিল-১

[প্রবিধান ২৫(১) ও প্রবিধান ২৭(২)(ক) দ্রষ্টব্য]
অবসরভাতা ও অবসরজনিত সুবিধা সংক্রান্ত ফরম

(কর্মচারীর অবসরের ক্ষেত্রে প্রযোজ্য)

নাম:.....

জাতীয় পরিচয় নম্বর:.....

শেষ অফিস:.....

এর অবসরভাতা ও অবসরজনিত সুবিধা সংক্রান্ত।

নির্দেশাবলি

- ১। কর্মচারী অবসর-উত্তর ছুটিতে গমনের অনধিক ১০ (দশ) মাস পূর্বে ফরমের প্রথম অংশ পূরণ করিয়া ৩ (তিন) কপি তাহার অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। অবসর-উত্তর ছুটি ভোগ করিতে না চাহিলে অবসর গ্রহণ করিবার জন্য অনধিক ১২ (বারো) মাস পূর্বে দাখিল করিবেন।
- ২। তাহার অফিস প্রধান ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া নাদাবি প্রত্যয়নপত্র ও মন্তব্য/সুপারিশসহ ২ (দুই) কপি ফরম অবসরভাতা ও অবসরজনিত সুবিধা মঞ্জুরি কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।
- ৩। মঞ্জুরি কর্তৃপক্ষ নাদাবি প্রত্যয়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিনি অবসরভাতা ও অবসরজনিত সুবিধা এবং আনুতোষিক মঞ্জুরির আদেশ দিবেন এবং অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ ১ (এক) কপি ফরম কাউন্সিলের হিসাব শাখায় প্রেরণ করিবেন।
- ৪। প্রত্যাশিত শেষ বেতনপত্র, নাদাবি প্রত্যয়নপত্র ও মঞ্জুরি আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষান্তে ফরমের চতুর্থ অংশ পূরণ করিবেন এবং অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পরিশোধ আদেশ জারি করিবেন।
- ৫। সঠিক তথ্যের অভাবে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সেই জন্য ফরমের যে কোনো স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দ্বারা কর্তন করিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিপিবদ্ধ বা সংযোজন করিতে হইবে।

প্রথম অংশ
(আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করিবেন)

পাসপোর্ট
সাইজের
সত্যায়িত ছবি

বরাবর,

বিষয়: অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পরিশোধের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের চাকরি হইতে অবসর গ্রহণ করিয়াছি এবং তারিখে আমার অবসর-উত্তর ছুটি সমাপ্ত হইবে। সেই কারণে বিধি মোতাবেক আমাকে প্রাপ্য অবসরভাতা ও অবসরজনিত সুবিধা এবং আনুতোষিক প্রদানের জন্য অনুরোধ করিতেছি।

২। আমার অবর্তমানে নিম্নবর্ণিত আমার বৈধ উত্তরাধিকারীগণকে মনোনীত হারে এই পারিবারিক অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রদানের জন্য আমি অনুরোধ করিতেছি:

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | সম্পর্ক | মনোনীত হার % | বৈবাহিক অবস্থা | প্রতিবন্ধীতা | উত্তরাধিকারীর স্বাক্ষর |
|--------------|---------------------|---------|-----------------|-------------------|--------------|---------------------------|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| ৩। | | | | | | |
| ৪। | | | | | | |
| ৫। | | | | | | |
| ৬। | | | | | | |
| ৭। | | | | | | |
| ৮। | | | | | | |
| ৯। | | | | | | |
| ১০। | | | | | | |

৩। নং ক্রমিকে উল্লিখিত ব্যক্তি আমার প্রতিবন্ধী সন্তান। তাহার প্রতিবন্ধীতার সমর্থনে সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধনপত্র এবং কর্মক্ষমহীনতা ও উপার্জনে অক্ষমতা সংক্রান্ত মেডিকেল বোর্ডের সনদপত্র সংযোজন করা হইল (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)।

